তারিখ 01 OCT 1991
পৃষ্ঠা ৪ কলাম ২

দৈনিক সংবাদ

34

## বিদ্যালয়টি সরকারীকরণের আবেদন

ঈশ্বরদী উপজেলার গোপালপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি ৮ বছর যাবৎ স্থানীয় জনসাধারণের সহায়তায় ও শিক্ষক/শিক্ষিকাগণের অক্লান্ত পরিশ্রমে শিক্ষাদান কার্য চলে আসছে কিন্তু আজও সরকারীকরণের মুখ দেখেনি। প্রায় ৩ হাজার জনসংখ্যা অধ্যুষিত এই গ্রামের কেন্দ্রস্থলে ১৯৮৩ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করা হয়। ২টি চারচালাবিশিষ্ট টিনের ঘরে ৪ জন শিক্ষক শিক্ষিকা প্রায় ৩শ' ছাত্রছাত্রীকে নিয়মিতভাবে বিদ্যালয়টিতে শিক্ষাদান করে আসছেন। বিদ্যালয়টির রেজিস্ট্রেশন নং ১০২৩/৮। প্রতিষ্ঠার পর থেকেই শিক্ষক/শিক্ষিকাগণ নামেমাত্র বেতন/ভাতায় শিক্ষাদান করে আসলেও বর্তমান দ্রব্যমূল্যের বাজারে তাদেরকে পরিবার নিয়ে ভীষণ দুঃখ কষ্টের মধ্যে কাটাতে হচ্ছে। এই অঞ্চলের ছাত্রছাত্রীদের শিক্ষাদান কার্যক্রম অব্যাহত রাখার উদ্দেশ্যে শিক্ষক/শিক্ষিকাগণের অসুবিধার কথা বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট বিদ্যালয়টি সরকারীকরণের জন্য আবেদন জানাচ্ছি।

এলাকাবাসীর পক্ষে—
মোঃ আশরাফ আলী মণ্ডল,
গ্রাম ঃ গোপালপুর,
ধাপাড়ী, ঈশ্বরদী, পাবনা।